কনফিডেন্সসিমেন্ট
☎01755550035-36

দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক

ফ্লাই এ্যাশ (ছাই) মুক্ত
রয়েল সিমেন্ট
ফাটল ও নোনা রোধী

সোমবার | ১৯ জানুয়ারি ২০২৬ | www.edainikazadi.net রেজি. নং-চ-৫৪ | ৬৬তম বর্ষ ১৩৪ সংখ্যা | ৫ মাঘ ১৪৩২ সাল | ২৯ রজব ১৪৪৭ হিজরি | ৮ পৃষ্ঠা | ৭ টাকা



'ড্রামা ফেস্ট : ফ্রম পেজ টু স্টেজ' উৎসব উদ্বোধন করছেন উপাচার্য প্রফেসর এস এম নছরুল কদির

# প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগে দিনব্যাপী ড্রামা ফেস্ট

প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে ইংরেজি বিভাগের ৪২তম ব্যাচের শিক্ষার্থীদের উদ্যোগে গত বৃহস্পতিবার দিনব্যাপী এক উৎসবমুখর পরিবেশে 'ড্রামা ফেস্ট ফল ২০২৫' অনুষ্ঠিত হয়েছে। 'ফ্রম পেজ টু স্টেজ' প্রতিপাদ্য নিয়ে আয়োজিত হয় এই উৎসব। একাডেমিক কোর্সওয়ার্কের অংশ হিসেবে আয়োজিত এই নাট্য উৎসবে শিক্ষার্থীরা বিশ্বসাহিত্যের কালজয়ী সব নাটক মঞ্চস্থ করেন। প্রদর্শিত নাটকগুলোর মধ্যে ছিল উইলিয়াম শেক্সপিয়রের 'দ্য মার্চেন্ট অফ ভেনিস' (এর দুটি পৃথক দৃশ্যায়ন- কাস্কেট সিন ও ট্রায়াল সিন) ও 'আ মিডসামার নাইটস ড্রিম', জর্জ বার্নার্ড শ-এর 'আর্মস অ্যান্ড দ্য ম্যান' (দ্বিতীয় অঙ্ক), এডমন্ড রোস্ট্যান্ডের 'দ্য রোমান্সার্স' এবং ফ্রিৎজ কারিন্থির ব্যঙ্গাত্মক নাটক 'দ্য রিফান্ড'।

উৎসবের উদ্বোধনী অধিবেশনে প্রধান অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর এস এম নছরুল কদির। পুরো আয়োজনটি ইংরেজি বিভাগের সহযোগী অধ্যাপক শান্তনু দাশের সরাসরি নির্দেশনা ও তত্ত্বাবধানে পরিচালিত হয়। কোর্স ইনস্ট্রাক্টর হিসেবে তিনি শিক্ষার্থীদের কঠোর পরিশ্রম ও একাগ্রতার প্রশংসা করেন। উদ্বোধনী অনুষ্ঠান শেষে শিক্ষক ও শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত উপস্থিতিতে নাটকগুলো মঞ্চস্থ হয় এবং দর্শকদের করতালিতে অনুষ্ঠানস্থল মুখরিত হয়ে ওঠে। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Daily Azadi, Date: 19 January 2026, Page: 2, Col: 1
https://edainikazadi.net/index.php?page=1&date=2026-01-19

চট্টগ্রাম সোমবার ১৯ জানুয়ারি ২০২৬

# দৈনিক পূর্বকোণ

দেশসেরা আঞ্চলিক দৈনিকের স্বীকৃতিপ্রাপ্ত

রেজিঃ নম্বর-চ-৮৯ ।। ৪০তম বর্ষ ৩২২তম সংখ্যা ।। ৫ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ ।। ২৯ রজব ১৪৪৭ হিজরি ।। Monday 19 January 2026 ।। ৮ পৃষ্ঠার মূল্য ৭ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone



## প্রিমিয়ার ভার্সিটির ইংরেজি বিভাগে ‘ড্রামা ফেস্ট: ফ্রম পেজ টু স্টেজ’

Ref: Daily Purbokone, Date: 19 January 2026, Page: 3, Col: 4
https://www.edainikpurbokone.net/index.php?page=3&date=2026-01-19

সোমবার
চট্টগ্রাম
১৯ জানুয়ারি ২০২৬
৫ মাঘ ১৪৩২
২৯ রজব ১৪৪৭
বর্ষ-১৪, সংখ্যা-৩৮
দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh
www.dailypurbodesh.com
প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ
৮ পৃষ্ঠার দাম ৭ টাকা
টানা ৪বার সুপারব্র্যান্ড স্বীকৃতি
বসুন্ধরা পেপার

# প্রিমিয়ার ভার্সিটির ইংরেজি বিভাগে ড্রামা ফেস্ট

প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে ইংরেজি বিভাগের ৪২তম ব্যাচের শিক্ষার্থীদের উদ্যোগে ১৫ জানুয়ারি উৎসবমুখর পরিবেশে 'ড্রামা ফেস্ট ফল ২০২৫' অনুষ্ঠিত হয়েছে। 'ফ্রম পেজ টু স্টেজ' প্রতিপাদ্য নিয়ে আয়োজিত হয় এই উৎসব। একাডেমিক কোর্সওয়ার্কের অংশ হিসেবে আয়োজিত এই নাট্য উৎসবে শিক্ষার্থীরা বিশ্বসাহিত্যের কালজয়ী সব নাটক মঞ্চস্থ করেন। প্রদর্শিত নাটকগুলোর মধ্যে ছিল উইলিয়াম শেক্সপিয়রের 'দ্য মার্চেন্ট অফ ভেনিস' (এর দুটি পৃথক দৃশ্যায়ন–কাস্কেট সিন ও ট্রায়াল সিন) ও 'আ মিডসামার নাইটস ড্রিম', জর্জ বার্নার্ড শ-এর 'আর্মস অ্যান্ড দ্য ম্যান' (দ্বিতীয় অঙ্ক), এডমন্ড রোস্ট্যান্ডের 'দ্য রোমান্সার্স' এবং ফ্রিৎজ কারিন্থির ব্যাঙ্গাত্মক নাটক 'দ্য রিফান্ড'।

উৎসবের উদ্বোধনী অধিবেশনে প্রধান অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর এস. এম. নছরুল কদির। তিনি তাঁর বক্তব্যে ইংরেজি বিভাগের সহশিক্ষা কার্যক্রমের বিশেষ প্রশংসা করে বলেন যে, একজন শিক্ষার্থীর পূর্ণাঙ্গ বিকাশে কেবল পুঁথিগত বিদ্যা যথেষ্ট নয়, বরং সংস্কৃতির চর্চাও অপরিহার্য। তিনি উল্লেখ করেন, নাটক মূলত জীবনেরই প্রতিচ্ছবি এবং শেক্সপিয়র বা বার্নার্ড শ-এর মতো নাট্যকারদের কালজয়ী সৃষ্টির মঞ্চায়নের মাধ্যমে শিক্ষার্থীরা বৈশ্বিক সংস্কৃতির সাথে নিজেদের সংযোগ স্থাপন করতে পারছে, যা তাদের আত্মবিশ্বাস ও সৃজনশীল চিন্তার বিকাশে সহায়ক হবে।

বিশেষ অতিথির বক্তব্যে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ইফতেখার মনির উপাচার্যের সুর প্রতিধ্বনিত করে বলেন, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শিক্ষার্থীদের মেধা ও সৃজনশীলতা বিকাশে সবসময়ই একটি সুন্দর পরিবেশ নিশ্চিত করতে সচেষ্ট। তিনি শিক্ষার্থীদের এই চমৎকার উপস্থাপনার প্রশংসা করে বলেন, পড়াশোনার পাশাপাশি শিল্প-সংস্কৃতিতে পারদর্শী হওয়া তাদের কার্যকর যোগাযোগ দক্ষতা ও উপস্থিত বুদ্ধি বৃদ্ধিতে বিশেষ ভূমিকা রাখবে।

বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সহযোগী অধ্যাপক মোহাম্মদ সোলাইমান চৌধুরী অনুষ্ঠান চলাকালীন শিক্ষার্থীদের শৃঙ্খলার ভূয়সী প্রশংসা করেন এবং উৎসবের সাফল্যে সন্তোষ প্রকাশ করেন। পুরো আয়োজনটি ইংরেজি বিভাগের সহযোগী অধ্যাপক শান্তনু দাশের সরাসরি নির্দেশনা ও তত্ত্বাবধানে পরিচালিত হয়। কোর্স ইনস্ট্রাক্টর হিসেবে তিনি শিক্ষার্থীদের কঠোর পরিশ্রম ও একাগ্রতার প্রশংসা করে বলেন, শ্রেণিকক্ষে অর্জিত জ্ঞানকে মঞ্চে বাস্তব রূপ দান করার এই অভিজ্ঞতা শিক্ষার্থীদের শিক্ষাজীবনকে আরও অর্থবহ করে তুলবে।

উদ্বোধনী অনুষ্ঠান শেষে শিক্ষক ও শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত উপস্থিতিতে নাটকগুলো মঞ্চস্থ হয় এবং দর্শকদের করতালিতে অনুষ্ঠানস্থল মুখরিত হয়ে ওঠে। বিজ্ঞপ্তি



প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগে ড্রামা ফেস্ট উদ্বোধন করেন উপাচার্য প্রফেসর এস এম নছরুল কদির

Ref: Daily Purbodesh, Date: 19 January 2026, Page: 3, Col: 7
https://epurbodesh.com/index.php?page=1&date=2026-01-19

চট্টগ্রাম • সোমবার • ১৯ জানুয়ারি ২০২৬ • ৫ মাঘ ১৪৩২ • ২৯ রজব ১৪৪৭
৮ পৃষ্ঠা • মূল্য ৭ টাকা
চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ২২ সংখ্যা ১৫৪

২২ বছরে সুপ্রভাত
suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat

প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত

# সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH

৩ তিন বছরে সরাসরি ৫ বিলিয়ন ডলার রপ্তানির সম্ভাবনা

৫ ভোটের মর্যাদা রক্ষাই ছিল বেগম খালেদা জিয়ার দর্শন

৬ বড় স্কোর গড়েও রংপুরের কাছে হারলো নোয়াখালী

সুপ্রভাত সম্পাদকীয়

**চট্টগ্রামে স্ক্যাবিস ওষুধের সংকট ও জনস্বাস্থ্য ঝুঁকি**

চট্টগ্রামে সাম্প্রতিক সময়ে চর্মরোগ 'স্ক্যাবিস' বা খোসপাঁচড়ার প্রাদুর্ভাব আশঙ্কাজনক হারে বেড়েছে।

বিস্তারিত ▶ পৃষ্ঠা : ২



প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগে 'ড্রামা ফেস্ট, ফ্রম পেজ টু স্টেজ' উৎসব উদ্বোধন করছেন উপাচার্য প্রফেসর এস. এম. নছরুল কদির

## প্রিমিয়ার ইউনিভার্সিটি

# 'ড্রামা ফেস্ট : ফ্রম পেজ টু স্টেজ' আয়োজন

প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে ইংরেজি বিভাগের ৪২তম ব্যাচের শিক্ষার্থীদের উদ্যোগে ১৫ জানুয়ারি দিনব্যাপী এক উৎসবমুখর পরিবেশে 'ড্রামা ফেস্ট ফল ২০২৫' অনুষ্ঠিত হয়েছে। 'ফ্রম পেজ টু স্টেজ' প্রতিপাদ্য নিয়ে আয়োজিত হয় এই উৎসব। একাডেমিক কোর্সওয়ার্কের অংশ হিসেবে আয়োজিত এই নাট্য উৎসবে শিক্ষার্থীরা বিশ্বসাহিত্যের কালজয়ী সব নাটক মঞ্চস্থ করেন। প্রদর্শিত নাটকগুলোর মধ্যে ছিল উইলিয়াম শেক্সপিয়রের 'দ্য মার্চেন্ট অফ ভেনিস' (এর দুটি পৃথক দৃশ্যায়ন–কাস্কেট সিন ও ট্রায়াল সিন) ও 'আ মিডসামার নাইটস ড্রিম', জর্জ বার্নার্ড শ-এর 'আর্মস অ্যান্ড দ্য ম্যান' (দ্বিতীয় অঙ্ক), এডমন্ড রোস্ট্যান্ডের 'দ্য রোমান্সার্স' এবং ফ্রিৎজ কারিন্থির ব্যাঙ্গাত্মক নাটক 'দ্য রিফান্ড'।

উৎসবের উদ্বোধনী অধিবেশনে প্রধান অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর এস. এম. নছরুল কদির। তিনি তাঁর বক্তব্যে ইংরেজি বিভাগের সহশিক্ষা কার্যক্রমের বিশেষ প্রশংসা করে বলেন যে, একজন শিক্ষার্থীর পূর্ণাঙ্গ বিকাশে কেবল পুঁথিগত বিদ্যা যথেষ্ট নয়, বরং সংস্কৃতির চর্চাও অপরিহার্য।

তিনি উল্লেখ করেন, নাটক মূলত জীবনেরই প্রতিচ্ছবি এবং শেক্সপিয়র বা বার্নার্ড শ-এর মতো নাট্যকারদের কালজয়ী সৃষ্টির মঞ্চায়নের মাধ্যমে শিক্ষার্থীরা বৈশ্বিক সংস্কৃতির সাথে নিজেদের সংযোগ স্থাপন করতে পারছে, যা তাদের আত্মবিশ্বাস ও সৃজনশীল চিন্তার বিকাশে সহায়ক হবে। বিশেষ অতিথির বক্তব্যে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ইফতেখার মনির উপাচার্যের সুর প্রতিধ্বনিত করে বলেন, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শিক্ষার্থীদের মেধা ও সৃজনশীলতা বিকাশে সবসময়ই একটি সুন্দর পরিবেশ নিশ্চিত করতে সচেষ্ট। বিভাগের চেয়ারম্যান সহযোগী অধ্যাপক সৈয়দ জসীম উদ্দীন এই আয়োজন সফল করতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অকুণ্ঠ সহযোগিতার কথা কৃতজ্ঞতার সাথে স্মরণ করেন এবং উপাচার্য ও রেজিস্ট্রারকে বিশেষ ধন্যবাদ জানান।

তিনি তাঁর বক্তব্যে বলেন, থিয়েটার বা নাট্যচর্চা মূলত একটি দলীয় প্রচেষ্টার ফসল। এ ধরনের আয়োজন শিক্ষার্থীদের মধ্যে কেবল বিনোদনই দেয় না, বরং তাদের মধ্যে পারস্পরিক ভ্রাতৃত্ব ও গভীর বন্ধন তৈরি করে। বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সহযোগী অধ্যাপক মোহাম্মদ সোলাইমান চৌধুরী অনুষ্ঠান চলাকালীন শিক্ষার্থীদের শৃঙ্খলার ভূয়সী প্রশংসা করেন।

পুরো আয়োজনটি ইংরেজি বিভাগের সহযোগী অধ্যাপক শান্তনু দাশের সরাসরি নির্দেশনা ও তত্ত্বাবধানে পরিচালিত হয়। কোর্স ইনস্ট্রাক্টর হিসেবে তিনি শিক্ষার্থীদের কঠোর পরিশ্রম ও একাগ্রতার প্রশংসা করে বলেন, শ্রেণিকক্ষে অর্জিত জ্ঞানকে মঞ্চে বাস্তব রূপ দান করার এই অভিজ্ঞতা শিক্ষার্থীদের শিক্ষাজীবনকে আরও অর্থবহ করে তুলবে। উদ্বোধনী অনুষ্ঠান শেষে শিক্ষক ও শিক্ষার্থীদের স্বত.স্ফূর্ত উপস্থিতিতে নাটকগুলো মঞ্চস্থ হয় । বিজ্ঞপ্তি

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 19 January 2026, Page: 4, Col: 6
https://esuprobhat.com/index.php?page=1&date=2026-01-19